গাংনীতে সাড়ে তিন কেজি গাঁজা সহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি দক্ষিণপাড়া গ্রাম থেকে মো: সাহিদুল ইসলাম(৪১) নামের এক মাদক ব্যবসায়ীকে সাড়ে তিন কেজি গাজা সহ আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। আটককৃত মো: সাহিদুল ইসালাম গাংনী উপজেলার সাহারবাটি দক্ষিনপাড়া গ্রামের আব্দুল খালেকের ছেলে।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সুত্রে জানা গেছে,গোপন সংবাদের ভিত্তিতে সোমবার (২০ নভেম্বর) সকাল পৌনে আটটায় অধিদপ্তরের সহকারী উপ-পরিদর্শক রফিকুজ্জামান ও রুহল আমিনের নেতৃত্বে ৮ সদস্যের একটি টহল দল গাংনী থানাধীন সাহারবাটি দক্ষিণপাড়া গ্রামে আসামী সাহিদুল ইসলামের নিজ বাসভবনে তল্লাশি করে খাটের মাঝে বিশেষ ভাবে তৈরীকৃত বক্সের মধ্যে একটি প্লাস্টিকের বস্তার মধ্যে স্কসটেপ দিয়ে প্যাঁচানো ৪ টি পলিথিন প্যাকেটের মধ্যে সাড়ে তিন কেজি গাঁজা উদ্ধার ও জব্দ করে এবং আসামীকে গ্রেফতার করে। উদ্ধারকৃত গাজার আনুমানিক মূলা এক লক্ষ চল্লিশ হাজার টাকা।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মো: আবুল হাশেম বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে একটি টহল দল সাক্ষিদের উপস্থিতিতে মেহেরপুর জেলার গাংনী থানাধীন সাহারবাটি দক্ষিণপাড়া গ্রামে গ্রেফতারকৃত আসামী মো: সাহিদুল ইসলামের বাড়িতে তল্লাশি করে বিক্রয়ের উদ্দেশ্যে রাখা সাড়ে তিন কেজি গাজা উদ্ধার ও জব্দ করে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীকে গাংনী থানায় সোপর্দ করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের দুইটি ধারায় মামলা দায়ের করা হয়েছে। মামলাটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একজন কর্মকর্তা তদন্ত করবেন। ‘

সংশোধনী

২০ নভেম্বর মেহেরপুর প্রতিদিন পত্রিকা ও অনলাইনে প্রকাশিত হয়েছে ‘মেহেরপুর-১ আসনে রবিবারে যারা মনোনয়ন ফর্ম সংগ্রহ করেছেন তাঁরা হলেন- জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, সাবেক এমপি জয়নাল আবেদীনের ছেলে তানভির আহমেদ ও সাবেক ছাত্রলীগ নেতা আমজাদ হোসেন।’

একটি দায়িত্বপূর্ন ও নির্ভরযোগ্য সুত্র দলীয় মনোনয়ন ফর্ম কেনার বিষয়গুলি নিশ্চিত করার পর মেহেরপুর প্রতিদিনে নিউজটা প্রকাশ করা হয়েছে।

সামাজিক যোগাযোগ মাধ্যমে নিউজে প্রকাশিত নাম গুলির মধ্যে আব্দুস সামাদ বাবলু বিশ্বাস ও আমাম হোসেন মিলুর নাম প্রকাশ নিয়ে আপত্তি দেখে সত্যতা নিশ্চিত করতে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস ও আমাম হোসেন মিলুর সাথে ফোনে যোগাযোগ করলে তারা নিশ্চিত করেন যে আব্দুস সামাদ বাবলু বিশ্বাস ও আমাম হোসেন মিলু মনোনয়ন ফর্ম কেনেন নি।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বলেন, ‘আমি আমার নির্বাচনী এলাকা মেহেরপুর-২ (গাংনী) নিয়ে ব্যস্ত আছি। মেহেরপুর-১ আসনের মনোনয়নপত্র উত্তোলন সম্পর্কে সঠিক তথ্য আমার জানা নেই। তবে নমিনেশন তুলেছেন এমন কথা তারা আমাকে বলেনি।’

আমাম হোসেন মিলু বলেন বলেন, ‘আমি দলীয় মনোনয়ন ফরম কিনি নাই এবং আমার জানা মতে আব্দুস সামাদ বাবলু বিশ্বাসও মনোনয়ন ফর্ম কেনেন নাই।

আব্দুস সামাদ বাবলু বিশ্বাস মেহেরপুর প্রতিদিনে ফোন করে নিশ্চিত করেছেন তিনি মনোনয়ন ফর্ম উত্তোলন করেননি।

সুত্রে থেকে প্রাপ্ত তথ্যে ভুল থাকায় মেহেরপুর প্রতিদিন আন্তরিক ভাবে দুঃখিত।

মুজিবনগরে নানা আয়োজনে বিশ্ব শিশু দিবস পালন

“প্রতিটি শিশুর জন্য, প্রতিটি অধিকার “এই প্রতিপাদ্য মুজিবনগরে পালিত হয়েছে বিশ্ব শিশু দিবস। গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি’র আয়োজনে দিবসটি পালন উপলক্ষে আজ সোমবার বিকেলে গুডনেইবারর্স বল্লভপুর প্রজেক্ট অফিস থেকে একটি র্যালী বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে অফিস চত্তরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভোব দেওয়ানের সভাপতিত্বে এবং সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদের সঞ্চালনায় আলোচনা সভায় অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক,গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর মেডিক্যাল অফিসার ডা:শুভ কুমার মজুমদার,সু-প্রতিবেশি মহিলা সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন।

উপস্হিত ছিলেন, স্পন্সর শিশু ও তাদের মায়েরা এবং কমিউনিটির শিশু ও মায়েরা। বিশ্ব শিশু দিবসে, শিশুর অধিকার, বাল্যবিবাহের কুফল, শিশু শ্রম বন্ধে করণীয়, শিশুদের সুন্দর ও সুস্থভাবে গড়ে ওঠার জন্য পিতা-মাতার দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন আমন্ত্রীত অতিথিবৃন্দ।

মেহেরপুর সদর উপজেলার

চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলামের পদত্যাগ

ব্যক্তিগত কারণ দেখিয়ে মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ থেকে পদত্যাগ করলেন অ্যাড. ইয়ারুল ইসলাম। তিনি মেহেরপুর জেলা অওয়ামী লীগের সহসভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।

আজ ২০ নভেম্বর সোমবার তিনি স্থানীয় সরকার বিভাগের সচিব বরাবর এ পদত্যাগ পত্র পাঠিয়েছেন আজ থেকে তিনি এ পদ থেকে পদত্যাগ করেছেন। বলে পত্রে জানিয়েছেন। ব্যক্তিগত কারণ দেখিয়ে তিনি এ পদত্যাগ করেছেন বলে পত্রে জানিয়েছেন।

উল্লেখ্য, আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জেলা আওয়ামী লীগের সহসভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম আওয়ামী লীগের মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন।

মেহেরপুরে ২য় দিনে মনোনয়ন কিনেছেন আরও ১০ জন

আওয়ামী লীগের দলীয় মনোনয়ন ফরম বিক্রির প্রথম দুদিনে মেহেরপুরের দুটি আসনে নৌকার মাঝি হতে ২৪ জন মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন।

প্রথম দিন শনিবারে মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে ফরম সংগ্রহ করেছেন ৭ জন এবং দ্বিতীয় দিন রবিবারে ফরম সংগ্রহ করেছেন আরও ৬ জন।

মেহেরপুর-২ (গাংনী) আসনে ১ম দিনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন ৭ জন এবং ২য় দিনের মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন আরও ৪ জন। এ নিয়ে দুদিনে দুটি আসনে ২৩ জন প্রার্থী মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন।

মেহেরপুর-১ আসনে রবিবারে মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন তাঁরা হলেন-

জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, সহসভাপতি ও পিরোজপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, সাবেক এমপি জয়নাল আবেদীনের ছেলে তানভির আহমেদ, সাবেক ছাত্রলীগ নেতা আমজাদ হোসেন।

এর আগে মনোনয়ন পত্র সংগ্রহ করেছেন, জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, সাবেক এমপি জয়নাল আবেদীন, সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নান, জেলা আওয়ামী লীগের সহসভাপতি অ্যাড. মিয়াজান আলী, আব্দুল মান্নান (ছোট), অ্যাড. ইয়ারুল ইসলাম, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন।

মেহেরপুর-২ আসনে রবিবারে আওয়মী লীগের দলীয় মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আশরাফুল আলম স্বপন, মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, গাংনী উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুল হক জুয়েল, সাবেক অতিরিক্ত সচিব আশরাফুল আলম।

আগের দিন মনোনয়ন পত্র সংগ্রহ করেন, বর্তমান সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. শফিকুল আলম, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. নাজমুল হক সাগর, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান মকুল, সাবেক ছাত্র নেতা রিয়াজ উদ্দিন।

হরতাল ডেকে কেন মাঠে নেই মেহেরপুরের বিএনপি নেতা- কর্মীরা?

আওয়ামী লীগ সরকারের অধীনে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার প্রতিবাদে ও নিরপেক্ষ সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর এবং বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ গ্রেফতারকৃত সকল



নেতাকর্মীকে মুক্তি দিতে সরকারের ওপর চাপ সৃষ্টির উদ্দেশ্যে বিএনপি ও সমমনা দলগুলোর ডাকা ৪৮ ঘণ্টার হরতাল রবিবার (১৯ নভেম্বর) সকাল ৬টা থেকে শুরু হয়েছে। তবে হরতালের প্রথম দিনের সমাপ্তি হলেও জেলায় হরতালের তেমন কোনো প্রভাব দেখা যায়নি। চোখে পড়েনি বিএনপি নেতাকর্মীদের কোন ধরনের তৎপরতা। অন্যান্য দিনের মতোই মেহেরপুরে দূরপাল্লার গণপরিবহন ছাড়া সব ধরনের যানবাহন যানবাহন চলেছে। দোকানপাট খোলা ছিল অন্যান্য স্বাভাবিক দিনের মতোই।

জেলা ও উপজেলা শহরে বিএনপি কিংবা সমমনা দলের কোনো নেতাকর্মীকে সড়কে দেখা যায়নি, শুধুমাত্র পার্শ্ব রাস্তায় রাতের আধারে গুটিকয়েক লোকের মশাল মিছিল ও ভোরের আলো ফোটার সাথে সাথে শহর থেকে অনেক দূরে হরতাল সমর্থনে একটি কথিত ছে, অন্যান্য দিনের মতোই সাধারণ মানুষ নিজ নিজ গন্তব্যে বের হয়েছে। আস্তে আস্তে সব ধরনের যানবাহন রাস্তায় নামতে শুরু করে। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে মানুষের কর্ম-চাঞ্চল্যের পাশাপাশি সারাদিনই চলেছে ব্যক্তিগত ও ছোট যানবহন। শহর ও গ্রামাঞ্চলে সকল দোকানপাট ও বিপনী বিতানগুলি খোলা ছিলো। হরতাল ঘিরে কোন ধরণের বিশৃঙ্খলার খবর পাওয়া যায়নি। তবে হরতালে যেকোনো ধরনের বিশৃঙ্খলতা রোধে সতর্ক অবস্থানে দেখা গেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের।

ব্যাপারটি নিয়ে বাজার, চায়ের দোকান সহ বিভিন্ন জনসমাগমে চলছে নানা রকম বিশ্লেষণ। কেউ বলছে বিএনপি এখন ভার্চুয়াল আন্দোলনের দল, কেউ বলছে সরকারের কৌশলের কাছে হার মেনেছে বিএনপি। কেউ আবার বলছে মামলা ও গ্রেপ্তার আতঙ্কে বিএনপি নেতা কর্মীরা তঠস্থ। অনেকে আবার আরেক কাঠি সরেস হয়ে প্রশ্ন করছে দলের অস্তিত্ব রক্ষার লড়াই করতে যারা রাজপথে ন্যূনতম প্রতিরোধ গড়ে তুলতে পারেনা তারা ক্ষমতায় আসবে বিভাবে?

বিএনপি নেতাদের সঙ্গে যোগাযোগ করলে এ বিষয়টি নিয়ে মেহেরপুর



জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লেয়ার বলেন,’আমি ঢাকায় থেকে কর্মসূচি পালন করছি। আমার বিরুদ্ধে বিনা কারণে একটি নাশকতা মামলা করা হয়েছে। গ্রেপ্তার এড়াতে আমি ঢাকায় থেকে দলীয় কর্মসূচিতে সাথে একাত্ম হয়েছি।এছাড়াও দলের চেয়ারপারসন অযোগ্য লোকদের দায়িত্ব দেয়ার কারণে মেহেরপুর জেলায় আন্দোলন বেগবান হচ্ছে না। যাদেরকে চেয়ারপার্সন দায়িত্ব দিয়েছেন তারা কেউই বিষয়টি গুরুত্বের সাথে নেয়নি। ‘

জেলা বিএনপির সহ সভাপতি জাবেদ মাসুদ মিল্টন বলেন, ‘হরতাল ডেকে বিএনপি নেতা কর্মীরা মাঠে নেই এ কথাটা সঠিক না। বিএনপি গণমানুষের একটি দল। আমরা সাধারণ মানুষের সাথে আছি। জান মালের নিরাপত্তার কথা বলে সারাদেশে ভীতিকর অবস্থার অবতারণা করা হয়েছে। সুষ্ঠু ভোটাধিকারের কথা বললেই নেতাকর্মীদের জেলে পাঠানো হচ্ছে। বিরোধী মতের একটি মানুষও স্বাভাবিক জীবনযাপন করতে পারছে না।’

জেলা বিএনপি’র সহ-সভাপতি আলমগীর খান ছাতু বলেন, ‘বর্তমান সরকার বিএনপিকে রাজনৈতিকভাবে মোকাবেলা না করে পুলিশ ও প্রশাসনকে ব্যবহার করছে দমন পীড়ন চালানোর জন্য। অতি উৎসাহী হয়ে প্রশাসন ও পুলিশের একটি অংশ কঠোর বল প্রয়োগের মাধ্যমে বিএনপি নেতাকর্মীদের রাস্তায় দাঁড়ানো তো দূরের কথা নিজ বাড়িতেও অবস্থান করতে দিচ্ছে না। এজন্যই সার্বিক নিরাপত্তার কথা চিন্তা করে আমরা ভিন্ন কৌশলে আমাদের আন্দোলন সংগ্রাম চালিয়ে যাচ্ছি।’

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সাংসদ মাসুদ অরুন বলেন,’ মেহেরপুর দেশের সবচেয়ে ছোট জেলা। আর জেলা শহর বলতে যেটা বোঝায় তার ব্যপ্তি খুবই কম। বিগত ১৪-১৫ সালে বিএনপির ৯৬ দিনের কঠোর কর্মসূচি পালনের কথা মাথায় রেখে প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মেহেরপুরে তাদের সর্বোচ্চ শক্তি প্রয়োগ করে বিএনপিকে দমনের চেষ্টা চালিয়ে যাচ্ছে। তবে আমাদের আন্দোলন থেমে নেই। শহর থেকে শুরু করে প্রত্যন্ত গ্রামাঞ্চল পর্যন্ত আমাদের নেতাকর্মীরা

জনগণের সাথে মিশে আছে এবং তাদেরকে সাথে নিয়েই চুড়ান্ত আন্দোলনের প্রস্তুতি সম্পন্ন করেছে। তৃণমূল নেতাকর্মীদের সুরক্ষা ও নিরাপত্তার কথা ভেবেই মেহেরপুরে এবারের আন্দোলনটা একটু ভিন্ন কৌশলে পরিচালনা করা হচ্ছ। আমার দৃঢ় বিশ্বাস জয় আসবেই,আপমর জনগণকে সাথে নিয়েই আমরা বিজয়ী হব। ‘

হরতাল সমর্থনে মেহেরপুরে বিএনপির মিছিল

বিএনপি’র-জামাইয়াতের ডাকা ৪৮ ঘন্টা হরতালের প্রথম দিনে হরতাল সমর্থনে মিছিল করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ রবিবার ১৯ নভেম্বর ভোর ৬ টায় মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন পরিষদের সাবেক ইউপি চেয়ারম্যান সাইফুল ইসলামের নেতৃত্বে আমঝুপি-গাড়াডোব সড়কে মিছিলটি শুরু হয় এবং সড়ক প্রদক্ষিণ করে।

হরতালের কারণে সকাল থেকে আন্ত: জেলা বাস চলাচল বন্ধ থাকলেও, দোকানপাট খোলা আছে। এছাড়াও রিক্সা, ইজিবাইক সহ সকল ধরনের ছোট যান চলাচল স্বাভাবিক রয়েছে।

প্রথম দিনে মেহেরপুরের দুটি আসনে ফরম কিনেছেন ১৪ জন

মনোনয়ন ফরম বিক্রির প্রথম দিনে মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে ৭ জন এবং মেহেরপুর-২ (গাংনী) আসনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন ৭ জন প্রার্থী।

মেহেরপুর-১ আসনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, সাবেক এমপি জয়নাল আবেদীন, সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নান, জেলা আওয়ামী লীগের সহসভাপতি অ্যাড, মিয়াজান আলী, আব্দুল মান্নান (ছোট), অ্যাড. ইয়ারুল ইসলাম, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন।

মেহেরপুর-২ আসনে আওয়মী লীগের
দলীয় মনোনয়ন ফরম সংগ্রহ
করেছেন বর্তমান সংসদ সদস্য ও
গাংনী উপজেলা আওয়ামী লীগের
সভাপতি সাহিদুজ্জামান খোকন,
সাবেক সংসদ সদস্য মকবুল
হোসেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. শফিকুল আলম, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. নাজমুল হক সাগর, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান মকুল, সাবেক ছাত্র নেতা রিয়াজ উদ্দিন ।











প্রার্থীদের মধ্যে অধিকাংশরাই নিজে
উপস্থিত হয়ে মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন। এছাড়া এম এ এস ইমনের পক্ষে জেলা স্বেচ্ছাসেবক লীগের সহসভাপতি শারেক রায়হান অরুপ, অ্যাড ইয়ারুল ইসলামের পক্ষে সাবেক যুবলীগ নেতা জসিউর রহমান বকুল মনোনয়ন ফরম সগ্রহ করেছেন।

দলের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, শনিবার থেকে মঙ্গলবার পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত দলীয় মনোনয়নের আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়া যাবে। আগামী মঙ্গলবার বিকাল ৪টার মধ্যে মনোনয়ন ফরম জমা দিতে হবে।
এদিকে এবার অনলাইনেও ফরম পূরণ ও জমা দেওয়া যাবে। এ জন্য স্মার্ট নমিনেশন অ্যাপ নামে একটি অ্যাপ চালু করেছে আওয়ামী লীগ। গুগল প্লে

স্টোর বা অ্যাপলঅ্যাপ স্টোর থেকে অ্যাপটি ডাউনলোড করে ইনস্টল করতে হবে। এ ছাড়া নমিনেশনডটএএলবিডি ডটওআরজি ওয়েবসাইট থেকেও অনলাইনে মনোনয়ন ফরম পূরণ করে জমা দেওয়া যাবে।
অনলাইনে ফরম পূরণ ও জমা দেওয়ার ক্ষেত্রে প্রথমেই অ্যাপ অথবা ওয়েবসাইটে প্রবেশ করে রেজিস্ট্রেশন করতে হবে। এর পর লগইন করে নিময়ানুযায়ী ৫০ হাজার টাকা পেমেন্ট সম্পন্ন করার পর মনোনয়ন ফরম পূরণ ও জমা দেওয়া যাবে।
প্রসঙ্গত, আগামী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। ৩০ নভেম্বরের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপ্রত জমা দিতে হবে।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের বার্ষিক সাধারণ সভা

মেহেরপুর জেলা প্রেসক্লাবের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। সভার প্রাক্কালে জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. মহা. আব্দুস সালাম ক্লাবে সদস্যদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং বর্তমান প্রেক্ষাপট নিয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন।

আজ শনিবার ১৮ নভেম্বর সকাল দশটায় মেহেরপুর জেলা প্রেস ক্লাবে সকল সদস্যের উপস্থিতিতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজমের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় প্রেসক্লাবের সকল সদস্য তাদের নিজস্ব মতামত ব্যক্ত করেন। এ সময় প্রেসক্লাবের গত এক বছরের আয় ব্যয়ের হিসাব উত্থাপন করা হয। আগামী ২৪-২৫ সালের কমিটি নির্বাচন উপলক্ষে ৩ সদস্যের নির্বাচন পরিচালনা কমিটির অনুমোদন দেয়া হয়। অতঃপর মধ্যাহ্নভোজনের পূর্বে ক্লাবের পক্ষ থেকে নতুন দুই সদস্যকে বরণ করে নেয়া হয়। নতুন দুই সদস্য হলেন দৈনিক কালবেলার জেলার প্রতিনিধি খান মাহমুদ আল রাফি এবং সমাজের কথা প্রতিনিধি সোমেল রানাকে ফুল দিয়ে বরণ করে নেয়া হয়।

পরে কেরাম প্রতিযোগীতায় চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলকে পুরস্কার

প্রদান করা হয়। খেলায় অংশগ্রহণকারী সদস্যদেরকেও সান্তনা পুরস্কার প্রদান করা হয়।

সবশেষে ২০২৩-২৪ সালের দ্বিবার্ষিক কমিটি গঠনের জন্য আব্দুল্লাহ আল আমিন ধুমকেতুকে প্রধান করে তিন সদস্যের নির্বাচন কমিটি সর্বসম্মতি ক্রমে অনুমোদন দেয়া হয়। নির্বাচন পরিচালনা কমিটির অন্য সদস্যরা হলেন আনোয়ারুল হক কালু ও মাহবুবুল হক মন্টু।

কয়েকদিন যাবত মেহেরপুর প্রেসক্লাবের অর্থযুগে পদার্পণের উদযাপন উপলক্ষে পরিচালিত বিভিন্ন কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুরে অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণের সমাপনী

মেহেরপুরে জেলা ভিত্তিক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ২১ দিন মেয়াদি অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণের (পুরুষ-৫ম ধাপ) সমাপ্ত হয়েছে।

শনিবার দুপুরে জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কার্যালয় সভাকক্ষে এ উপলক্ষে সমাপণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, “বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের সর্ববৃহৎ শৃঙ্খলা বাহিনী হিসেবে তার জন্মলগ্ন থেকে জননিরাপত্তায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। দেশের প্রতিটি দুর্যোগ মুহূর্তে অগ্রণী ভূমিকায় অবতীর্ণ হওয়া এ বাহিনীর সদস্য হতে পারা অত্যন্ত গৌরবের। প্রশিক্ষণ গ্রহণের মধ্য দিয়ে এ গৌরবের অংশীদার হওয়ার যোগ্যতা অর্জন হলো। আগামীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ও অদূর ভবিষ্যতে দেশের প্রয়োজনে বাহিনীর আহবানে সাড়া দিয়ে নিজেদের যোগ্যতা প্রদর্শনের মধ্যেই এ প্রশিক্ষণ গ্রহণের সার্থকতা নিহিত।”

তিনি প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে করে বলেন, বিভিন্ন সামাজিক ও জনহিতকর কর্মকাণ্ড এবং আইন-শৃঙ্খলা রক্ষায় অনন্য ভূমিকা রাখার মাধ্যমে বাহিনীর সুনাম বয়ে আনবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

সদর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ফেরদোসী বানু’র সঞ্চালনায় অন্যান্যের মধ্যে কোর্সের সাথে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কর্মকর্তা সার্কেল অ্যাডজুট্যান্ট মোঃ আল-মামুন, মুজিবনগর উপজেলা প্রশিক্ষিকা ফেরদৌসী আরা ও বিভাগীয় প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।